

সংবাদ বিজ্ঞপ্তি

## ইউজিসির সঙ্গে নোবিপ্রবির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সই

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (২৩ জুন ২০২৪) ইউজিসি ভবনের মিলনায়তনে আয়োজিত একটি অনুষ্ঠানে এ চুক্তি স্বাক্ষর হয়। ইউজিসির পক্ষে সচিব ড. ফেরদৌস জামান ও বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন চুক্তিপত্রে স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি। ইউজিসির মাননীয় চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় সদস্য অধ্যাপক ড. মোঃ সাজ্জাদ হোসেন, মাননীয় সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ, মাননীয় সদস্য অধ্যাপক ড. হাসিনা খান, মাননীয় সদস্য অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন ও নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে নোবিপ্রবিসহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউজিসির ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হয়।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪